**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26–03–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের ফলাফল আগামী ১০ জুনের মধ্যে প্রকাশিত হবে ।**

**(২) পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচন ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন আগামীকাল ।**

**(৩) তাপপ্রবাহের পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশন সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের পরামর্শ জারি করেছে ।**

**(৪) বিশ্ব জুনিয়র দাবা প্রতিযোগিতায় রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু তথা মহিলা ক্যান্ডিডেট মাস্টার আর্শিয়া দাস দেশের হয়ে প্রতিনিধিত্ব করবে ।**

*********************************************

**Madhyamik and Higher Secondary Result :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের ফলাফল আগামী ১০ জুনের মধ্যে প্রকাশিত হবে। পর্ষদ সভাপতি ডঃ ধনঞ্জয় গণচৌধুরী আজ এখবর জানিয়েছেন।

তিনি জানান, মাধ্যমিক পরীক্ষা ইতিমধ্যে শেষ হয়েছে। উচ্চমাধ্যমিক পরীক্ষা শেষ হবে আগামী ৩০ মার্চ। এরপর ২৪ এপ্রিল থেকে উত্তরপত্র মূল্যায়নের কাজ শুরু হবে।

****************************

**Election-Nomination :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচন ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন আগামীকাল। স্ক্রুটিনি ২৮শে মার্চ। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন ৩০শে মার্চ। ভোটগ্রহণ ১৯শে এপ্রিল।

এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য আজ চারজন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন বহুজন মুক্তি পার্টির প্রার্থী ব্রজলাল দেবনাথ, রিপাবলিকান পার্টি অফ ইন্ডিয়া (আথাওয়ালে) দলের প্রার্থী আইনজীবী অর্ণব রায়, নির্দল প্রার্থী রমেন্দ্র রিয়াং ও বলরাম দেববর্মা। ইতিপূর্বে এই আসনে মনোনয়নপত্র জমা দিয়েছেন এস ইউ সি আই (সি)র অরুণ ভৌমিক, আমরা বাঙালীর গৌরী শংকর নন্দী ও নির্দল প্রার্থী মিলন পদ মুড়া সিং।

****************************

**Election dept :**

পশ্চিম ত্রিপুরা সংসদীয় কেন্দ্রের রিটার্নিং অফিসার তথা পশ্চিম জেলার জেলাশাসক ডঃ বিশাল কুমার আকাশবাণীর সংবাদ সেবা বিভাগকে জানিয়েছেন, পশ্চিম ত্রিপুরা আসনের জন্য, ভারতের নির্বাচন কমিশনের নিযুক্ত দু'জন সাধারণ, পর্যবেক্ষক দুই পুলিশ এবং একজন ব্যয় পর্যবেক্ষকসহ মোট পাঁচজন পর্যবেক্ষক আগরতলায় পৌঁছেছেন।

তিনি বলেন, যে পর্যবেক্ষকদের ভূমিকা হ'ল রাজনৈতিক দলগুলি এবং তাদের প্রার্থীরা, নির্বাচন কমিশনের নির্দেশিকাগুলো মেনে চলছেন কিনা তা খতিয়ে দেখা। তিনি বলেন, পর্যবেক্ষকরা রাজ্যের নির্বাচন বিভাগের কাজকর্মের উপর নজর রাখেন এবং নির্বাচন কমিশনকে রিপোর্ট করেন।

তিনি জানান, আদর্শ আচরণবিধি (এমসিসি) লঙ্ঘনের বিষয়ে এখন পর্যন্ত, দুই থেকে তিনটি অভিযোগ পাওয়া গেছে এবং এক্ষেত্রে যারা দোষী সাব্যস্ত হয়েছে তাদের কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছেন।

ডঃ কুমার আরও বলেন, নির্বাচন কমিশন থেকে সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনার জন্য রাজনৈতিক দলগুলির সঙ্গে নিয়মিত বৈঠক করা হচ্ছে।

তিনি জানান, স্কুলে পরীক্ষার দায়িত্বে থাকা শিক্ষকদের দুপুর ২টোর পরে প্রশিক্ষণের জন্য রিপোর্ট করার জন্য বলা হয়েছে।

এছাড়াও যেসব স্কুলে পরীক্ষা নেই, সেখানেই নির্বাচনী মহড়া হচ্ছে।

জেলা শাসক জানিয়েছেন, পশ্চিম ত্রিপুরা কেন্দ্রের ৭৯৩টি ভোটকেন্দ্রের মধ্যে ১৬৫টি কেন্দ্রটি ঝুঁকিপূর্ণ ভোট কেন্দ্র হিসাবে গন্য করা হয়েছে। তবে বিদ্যমান পরিস্থিতির গতিপ্রকৃতির ওপর নির্ভর করায় এ ধরনের ভোটকেন্দ্রের সংখ্যা কমবে বলে তিনি আশা ব্যক্ত করেন।

*****************************

**Nomination submission :**

লোকসভা নির্বাচনে পশ্চিম ত্রিপুরা আসনের বিজেপি প্রার্থী বিপ্লব কুমার দেব ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে বিজেপি প্রার্থী দীপক মজুমদার আগামীকাল মনোনয়নপত্র জমা দেবেন। এর আগে আগামীকাল সকাল ১০টায় আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গন থেকে এক মিছিলে অংশ নেবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ও হরিয়ানার মুখ্যমন্ত্রী নায়াব সিং সাইনি। বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য আজ এখবর

জানিয়েছেন। উল্লেখ্য আগামী ২৮শে মার্চ পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত আসনের বিজেপি প্রার্থী মহারানী কৃতি সিং দেব্বর্মা মনোনয়নপত্র জমা দেবেন।

****************************

**Nomination-Congress :**

লোকসভা নির্বাচনে ইন্ডিয়া জোটের প্রার্থী, প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা আগামীকাল মনোনয়নপত্র জমা দেবেন। আজ প্রদেশ কংগ্রেস ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ কথা জানান কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন। তিনি জানান, মনোনয়নপত্র জমা দেবার আগে মিছিল ও জমায়েতে উপস্থিত থাকবেন কংগ্রেসের সর্বভারতীয় নেতা কানহাইয়া কুমার।

****************************

**Election Campaign-India Block :**

লোকসভা আসনে ইন্ডিয়া জোট সমর্থিত কংগ্রেস প্রার্থী আশীষ কুমার সাহার সমর্থনে আজ বিলোনিয়ার বনকরে এক নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, বিধায়ক দীপংকর সেন, সিপিআইএম-এর বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্ত, বিলোনিয়া ব্লক কংগ্রেস সভাপতি দেবাশীষ মজুমদার। বিধায়ক অশোক মিত্র ও প্রাক্তন বিধায়ক বাসুদেব মজুমদারও সভায় উপস্থিত ছিলেন।

**************************

**Flag March-KHOWAI :**

লোকসভা নির্বাচনের আগে আইন-শৃঙ্খলা শান্তিপূর্ণ রাখার লক্ষ্যে খোয়াই জেলা প্রশাসন ও আরক্ষা প্রশাসনের যৌথ উদ্যোগে আজ খোয়াইয়ের পদ্মবিল বাজার হয়ে বাইজাল বাড়ি, আমপুরা এবং রামচন্দ্র ঘাটে ফ্ল্যাগ মার্চ করা হয়। এই ফ্ল্যাগ মার্চে উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক চাঁন্দিনী চন্দ্রান, জেলা পুলিশ সুপার রমেশ কুমার যাদব, মহকুমা ম্যাজিস্ট্রেট মেঘা জৈন, পুলিশ, সিআরপিএফ, বিএসএফ, টিএসআর-এর আধিকারিক ও জওয়ানরা।

*************************

**Bangladesh High Comission :**

আগরতলায় বাংলাদেশ সহকারী হাইকমিশনের উদ্যোগে আজ সকালে সার্কিট হাউসস্থিত সহকারী হাই কমিশন অফিসে বাংলাদেশের স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। এই উপলক্ষে সকালে বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করা হয়। তারপর যুদ্ধে শহীদদের স্মরণ এবং বাংলাদেশের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীর বাণী পাঠ করা হয়। উপস্থিত ছিলেন বাংলাদেশের সহকারী হাই কমিশনার আরিফ মোহাম্মদ। অনুষ্ঠানে আরিফ মহম্মদ স্বাধীনতা দিবসে তাৎপর্য ব্যাখ্যা করে বলেন, ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধে ত্রিপুরাবাসীর অবদান চিরস্মরনীয় হয়ে থাকবে।

******************************

**ECI :**

তাপপ্রবাহের পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশন সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের পরামর্শ জারি করেছে। এতে বলা হয়েছে, ভারতের আবহাওয়া বিভাগ আসন্ন

গ্রীষ্মের মরশুমে স্বাভাবিক তাপমাত্রার চেয়ে বেশি হওয়ার সম্ভাবনার পূর্বাভাস দিয়েছে। তাপপ্রবাহের সময় বিশেষ করে বেলা ১২টা থেকে তিনটে পর্যন্ত রোদে বের না হওয়ায় পরামর্শ দিয়েছে কমিশন। এই সময়ে পর্যাপ্ত জল পান করার এবং বাসি খাবার এড়িয়ে চলারও পরামর্শ দেয়া হয়েছে। কমিশন প্রধান নির্বাচনী কর্মকর্তাদের ভোটকেন্দ্রে পানীয় জল ও ছাউনির ব্যবস্থা সহ ন্যূনতম মৌলিক সুবিধা নিশ্চিত করতে বলেছে।

*************************

**BJP Candidate :**

আসন্ন লোকসভা নির্বাচনের জন্য আরও তিনজন প্রার্থীর নাম ঘোষণা করেছে বিজেপি। দৌসা থেকে কানহাইয়া লাল মীনা এবং রাজস্থানের করৌলি-ধোলপুর লোকসভা আসন থেকে ইন্দু দেবী জাটভকে প্রার্থী হচ্ছেন। ইনার মণিপুর সংসদীয় আসন থেকে বিজেপি প্রার্থী হবেন থাউনাওজাম বসন্ত কুমার সিং।

*****************************

**India Alliance :**

খোয়াইতে সি পি আই এমের জেলা অফিসের কনফারেন্স হলে আজ  ইণ্ডিয়া জোটের জেলা ভিত্তিক সভা হয়। সি পি আই এমের খোয়াই জেলা সম্পাদক রঞ্জিত দেববর্মা, খোয়াই ও তেলিয়ামুড়া মহকুমা কমিটির সম্পাদকদ্বয় পদ্ম কুমার দেববর্মা ও হেমন্ত জমাতিয়া, ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রদেশ কমিটির অন্যতম সম্পাদক কার্তিক দেবনাথ, খোয়াই ব্লক কংগ্রেস সভাপতি  যতীন্দ্র গোপ, কংগ্রেস নেতা নিখিল চক্রবর্তী ও প্রদ্যোৎ বিশ্বাস প্রমুখ নেতৃবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। সভায়

লোকসভা নির্বাচনের পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত আসনের ইণ্ডিয়া জোটের প্রার্থী রাজেন্দ্র রিয়াংয়ের সমর্থনে জেলা জুড়ে নির্বাচনী প্রচার কর্মসূচী নিয়ে বিস্তৃত আলোচনা হয়। সভায় খোয়াই জেলা ইণ্ডিয়া জোটের নির্বাচনী পরিচালন কমিটি গঠিত হয়েছে। যুগ্ম আহ্বায়ক নির্বাচিত হয়েছেন সি পি আই এমের জেলা সম্পাদক রঞ্জিত দেববর্মা ও জেলা কংগ্রেসের সভাপতি প্রদ্যোৎ ভট্যাচার্য্য।

********************************

**MOCK POLL :**

ধর্মনগর উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে আজ থেকে ধর্মনগর মহকুমার ভোট কর্মীদের দু'দিনব্যাপী মহড়া শুরু হয়েছে। আজ প্রিসাইডিং অফিসার ও ফাস্ট পোলিং অফিসারদের মহড়ার আয়োজন করা হয়। মোট ২৭৯ জন প্রিসাইডিং অফিসার এবং ২২৯ জন ফার্স্ট পোলিং অফিসার আজ মহড়ায় অংশ নেয়। মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া জানান, আগামীকাল সেকেন্ড পোলিং এবং থার্ড পোলিং এবং গ্রুপ ডি দের মহড়া হবে।

********************************

**Financial Assistance :**

কালবৈশাখী ঝড়ে ডুম্বুর জলাশয়ে মৃত চার মৎস্যজীবীর পরিবারকে গন্ডাছড়া মহকুমা প্রশাসনের পক্ষ থেকে তাৎক্ষণিক আর্থিক সাহায্য করা হয়েছে। মহকুমা শাসক অফিসের ডিসিএম অনিন্দ্র চক্রবর্তী প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা বাহিনী কর্মীদের সঙ্গে নিয়ে গতকাল মৃত মৎস্যজীবীদের প্রত্যেক পরিবারের

সদস্যদের হাতে প্রাথমিকভাবে ১৫০০০ টাকা করে আর্থিক সাহায্য তুলে দেন। প্রয়াত মৎস্যজীবীদের শ্রাদ্ধ - শান্তির জন্য এই আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। ডি সি এম জানিয়েছেন, সরকারি নিয়ম অনুযায়ী এই পরিবারগুলো প্রয়োজনীয় সহায়তা দেয়া হবে।

****************************

**Strom-Agriculture :**

সাম্প্রতিক ঝড়ে রাজ্যের প্রায় ১৮১৩ হেক্টর জমির বোরো ধান এবং রবিশস্য ক্ষতিগ্রস্ত হয়েছে। এতে আর্থিক ক্ষতির পরিমান প্রায় এক কোটি ৫৩ লক্ষ টাকা। রাজ্যের মোট ১৮৬৮ জন কৃষকের প্রায় ৬৯৯ দশমিক আট মেট্রিক টন ফসলের ক্ষতি হয়েছে। কৃষি দপ্তরের সহকারী অধিকর্তা কাশি দাস আজ এখবর জানান।

***************************

**Kal Baishakhi-Unakoti :**

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাবে সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোগ, কালবৈশাখী, ঝড়-ঝঞ্ঝা ইত্যাদির মোকাবিলায় করণীয় কর্তব্য বিষয়ে এক প্রশাসনিক বৈঠক আজ ঊনকোটি জেলার কুমারঘাট পঞ্চায়েত সমিতি হলে অনুষ্ঠিত হয়।

বৈঠকে উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক দশরথ দেববর্মা, কুমারঘাটের S.D.M এন,এস,চাকমা প্রমুখ।

বৈঠক শেষে বিপর্যয় মোকাবিলা বিভাগের জেলা প্রোগ্রাম আধিকারিক শুভজিৎ নাথ জানান, আজকের বৈঠকে বিভিন্ন দপ্তর আধিকারিকরা অংশ নেন।

বৈঠকে কোন কোন দপ্তর দুর্যোগ তথা বিপর্যয় মোকাবিলায় আগাম কি ধরনের প্রস্তুতি নেবে এবিষয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়।

*****************************

**CPIM :**

আকস্মিক কালবৈশাখি ঝড় ও শিলাবৃষ্টির ফলে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে অতিসত্বর সরকারি আর্থিক সহায়তা প্রদানের দাবিতে আজ উদয়পুর মহকুমা শাসকের কাছে স্মারক লিপি প্রদান করে সিপিআই এম উদয়পুর মহকুমা কমিটি। তিন জনের প্রতিনিধি দলে ছিলেন দিলীপ দত্ত, নিখিল দাস ও প্রদীপ সাহা।

উল্লেখ্য, গত ২৩ মার্চ রাতে কালবৈশাখী ঝড়ে উদয়পুর মহকুমার কাকড়াবন ব্লকের

ধূপতলি, শামুকছড়া ও দক্ষিণ রাণী ভিলেজ এলাকা এবং মাতাবাড়ি ব্লকের চন্দ্রপুর, উত্তর চন্দ্রপুর, দক্ষিণ মাতাবাড়ি পঞ্চায়েত এলাকায় সর্বাধিক ক্ষয়ক্ষতি হয়।

*****************************

**TSU-Deputation :**

জনজাতি ছাত্র-ছাত্রীদের বিএড পড়ার জন্য স্কলারশিপের আবেদনপত্রের সময়সীমা বাড়ানোর দাবি জানিয়েছে টি.এস.ইউ। এই দাবিতে সংগঠনের পক্ষ থেকে আজ আগরতলায় উপজাতি

কল্যাণ দপ্তরের সহ অধিকর্তার কাছে ডেপুটেশন প্রদান করা হয়। টিএসইউ-র রাজ্য সম্পাদক সুজিত ত্রিপুরা এখবর জানান।

*************************

**BJP-South :**

লোকসভা নির্বাচনকে সামনে রেখে আজ জোলাইবাড়ী কমিউনিটি হলে বিজেপি দলের এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, এমডিসি সঞ্জিব রিয়াং, প্রদেশ বিজেপি সহ-সভাপতি বিমল কান্তি চাকমা প্রমুখ উপস্থিত ছিলেন।

***********************

**Arsia in World Chess :**

বিশ্ব জুনিয়র দাবা প্রতিযোগিতায় রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু তথা মহিলা ক্যান্ডিডেট মাস্টার আর্শিয়া দাস দেশের হয়ে প্রতিনিধিত্ব করবে। আগামী ১ থেকে ১৪ জুন গুজরাটের গান্ধীনগরে বিশ্ব জুনিয়র দাবা প্রতিযোগিতা হবে। গত বছর গুজরাটে অনুষ্ঠিত জাতীয় জুনিয়র অনূর্ধ্ব-১৯ বছরের দাবা প্রতিযোগিতায় ১১ রাউন্ডে সাড়ে ৭ পয়েন্ট করে ত্রয়োদশ স্থান পেয়েছিলো অর্শিয়া। সেই সুবাদে এবছর বিশ্ব আসরে খেলার যোগ্যতা অর্জন করে।

***************************

**Women's Cricket :**

টিসিএ পরিচালিত মহিলাদের ঘরোয়া একদিনের সীমিত ওভারের ক্রিকেট প্রতিযোগিতা আগামীকাল থেকে শুরু হচ্ছে। মোট ১১টি দলকে নিয়ে গ্রুপলিগ কাম নকআউট পদ্ধতিতে আসরে চ্যাম্পিয়নশীপের ফয়সলা হবে। মোট তিনটি মাঠে খেলাগুলি হবে।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

**State wise 13 Cricket :**

টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার কোয়ার্টার ফাইনালের খেলা আগামীকাল থেকে শুরু হচ্ছে। এতে আগামীকাল নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে সদর-এ বনাম শান্তিরবাজার এবং নেপকো মাঠে সদর-বি বনাম কৈলাসহরের ম্যাচ দুটি হবে। পরে ২৭ মার্চ নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে ধর্মনগর ও বিশালগড় এবং নেপকো মাঠে উদয়পুর ও খোয়াই পরস্পরের মুখোমুখি হবে।

****************************** **Super Division :**

টিসিএ পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার দুটি খেলায় আজ ব্লাডমাউথ ক্লাব ও স্ফুলিঙ্গ ক্লাব জয়লাভ করেছে। নরসিংগড়ের পিটিএ মাঠে অনুষ্ঠিত খেলায় স্ফুলিঙ্গ ক্লাব ৪ উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে এবং টিআইটি মাঠে ব্লাডমাউথ ক্লাব ৮ উইকেটে শতদল সংঘকে পরাজিত করে।

************************

**Belonia Senior Cricket :**

বিলোনিয়া মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত সিনিয়র ডাবল লীগ কাম নক আউট ক্রিকেট টুর্নামেন্টের আজকের ম্যাচে দক্ষিণ বিলোনিয়া প্লে সেন্টারকে ৫ উইকেটে পরাজিত করেছে জয়পুরের স্বামী বিবেকানন্দ সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি। বিদ্যাপীঠ মাঠে অনুষ্ঠিত ম্যাচে প্রথমে ব্যাট করতে নেমে দক্ষিণ বিলোনিয়া প্লে সেন্টার ২৯ ওভারে ৫ উইকেটে ১০০ রান সংগ্রহ করে। জবাবে জয়পুরের স্বামী বিবেকানন্দ সোশ্যাল ওয়েলফেয়ার

সোসাইটি ১৭ ওভারে ৫ উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান তুলে নেয়।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামী কালের সর্বোচ্চ তাপমাত্রা তেত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন একুশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল বত্রিশ দশমিক ছয় ডিগ্রী এবং সর্বনিম্ন কুড়ি দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

***************************